গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৮৯/২০১৯-২০২০
ঢাকা ১৬ মার্চ সোমবার ২০২০, ২ চৈত্র ১৪২৬

১। আগামীকাল জাতির পিতার জন্মশতবার্ষিকী
২। বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা জানাতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী আগামীকাল টুঙ্গিপাড়া যাচ্ছেন
৩। মুজিববর্ষ উপলক্ষে দেড় কোটি শিশুকে প্রধানমন্ত্রীর চিঠি :
আগামীকাল সকল প্রাথমিক বিদ্যালয়ে একযোগে এ চিঠি পাঠ করা হবে
৪। করোনা প্রতিরোধে সার্ক শীর্ষ নেতাদের ভিডিও কনফারেন্স
যৌথ তহবিল গঠনসহ একযোগে কাজ করবে দক্ষিণ এশিয়ার দেশগুলো
স্বাস্থ্যঝুঁকি মোকাবিলায় পৃথক সংস্থা স্থাপনের প্রস্তাব বাংলাদেশের প্রধানমন্ত্রীর
৫। স্পিকারের সঙ্গে থাইল্যান্ডের রাষ্ট্রদূতের সাক্ষাৎ : বাণিজ্য সম্প্রসারণে সহায়তার আশ্বাস
৬। করোনাভাইরাসের কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের বিষয়ে চিন্তা করছে সরকার : সংবাদসম্মেলনে সেতুমন্ত্রী
৭। সাংবাদিক আরিফকে গ্রেফতার ও শাস্তি প্রক্রিয়া বিধিসম্মত হয়নি : তথ্যমন্ত্রী
৮। জ্বর নিয়ে যানবাহনে চলাচল না করার আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর
৯। করোনা আক্রান্ত দেশ থেকে যিনি আসবেন তাকে অবশ্যই কোয়ারেন্টাইনে থাকতে হবে : পররাষ্ট্রমন্ত্রী
১০। করোনাভাইরাসের কারণে স্কুল-কলেজ বন্ধ করার মতো কোনো পরিস্থিতি এখনো তৈরি হয়নি : শিক্ষামন্ত্রী
১১। করোনাভাইরাসের কারণে ইউরোপ থেকে বাংলাদেশিদের ফেরা বন্ধে মিশনগুলোয় নির্দেশনা
১২। ইতালি থেকে দেশে ফিরেছেন আরও ১৫২ জন
হোম কোয়ারেন্টাইনে বিদেশফেরত ২৩১৪ : আইইডিসিআর
১৩। কৃষি উৎপাদনে দেশ এখন বিশ্বের উদাহরণ : কৃষক হত্যা দিবসে কৃষিমন্ত্রী
১৪। আইনশৃঙ্খলা বাহিনী সাগর-রুনি হত্যা রহস্য উদঘাটনে সচেষ্ট : সচিবালয়ে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী
১৫। শহরাঞ্চলে স্বাস্থ্যসেবার মান বাড়াতে কার্যকর উদ্যোগ নেয়া হবে : স্থানীয় সরকার মন্ত্রী
১৬। কারখানা সচল রাখতে কাঁচামালের বিকল্প মজুদ গড়া হবে : শিল্পমন্ত্রী
১৭। '১৬১২১' নম্বরে ফোন করলেই প্রতিকার পাবেন ভোক্তা : বাণিজ্যমন্ত্রী
১৮। মুজিববর্ষ উপলক্ষে 'জলবায়ু বাস' উদ্বোধন
১৯। নদীতে আবর্জনা ফেলা যাবে না : নৌ পরিবহণ প্রতিমন্ত্রী
২০। কুড়িগ্রামের ডিসিকে প্রত্যাহার করা হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
২১। সাসেক সড়ক সংযোগ প্রকল্পে এডিবির সঙ্গে ৪০ কোটি ডলার ঋণচুক্তি

১। আগামীকাল জাতির পিতার জন্মশতবার্ষিকী

মুজিববর্ষ শুরু আগামীকাল। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী স্মরণীয় করে রাখতে 'মুজিববর্ষ' উদ্‌যাপন করবে সরকার। আগামীকাল ১৭ মার্চ রাত আটটায় রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী উদ্যানে বঙ্গবন্ধুর জন্মক্ষণে আতশবাজীর মধ্য দিয়ে জাতির পিতার জন্মশতবার্ষিকীর কর্মসূচির উদ্বোধন করা হবে। এ অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশনসহ বেসরকারি টিভি চ্যানেল, সোশাল ও অনলাইন মিডিয়ায় একযোগে সম্প্রচার করা হবে। আগামীকাল রাত ৮টায় রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এর ভাষণের পর আতশবাজির মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর কর্মসূচির উদ্বোধন করা হবে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দেবেন। সূত্র- **সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৮)।

২। বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা জানাতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী আগামীকাল টুঙ্গিপাড়া যাচ্ছেন

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে আগামীকাল টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিবেদিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করবেন। এছাড়া গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১৭ মার্চের সফরসূচি সংক্ষিপ্ত করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে সেখানে যে শিশু সমাবেশ অনুষ্ঠিত হওয়ার কথা ছিল তা স্থগিত করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ১০টায় জাতির পিতার সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করবেন এবং এ সময় তিন বাহিনীর পক্ষ থেকে অনার গার্ড প্রদান করা হবে। প্রধানমন্ত্রীর পরবর্তী সিডিউল গণভবনে। সেখানে তিনি স্মারক ডাক টিকেট, স্মারক মুদ্রা ও স্মারক নোট অবমুক্ত করবেন এবং জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি 'স্যুভেনির'-এর মোড়ক উন্মোচন করবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১)।

৩। মুজিববর্ষ উপলক্ষে দেড় কোটি শিশুকে প্রধানমন্ত্রীর চিঠি :
আগামীকাল সকল প্রাথমিক বিদ্যালয়ে একযোগে এ চিঠি পাঠ করা হবে

দেশের এক কোটি ৪০ লাখ শিশুর কাছে চিঠি লিখেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মুজিববর্ষ উপলক্ষে এ চিঠি লিখেছেন তিনি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে লেখা তাঁর এ চিঠি আগামীকাল ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিনে পাঠ করবে সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয় পড়ুয়া এক কোটি ৪০ লাখ শিশু। চিঠিটি ছাপিয়ে তাদের প্রত্যেককে এক কপি করে দেওয়া হবে। চিঠি পাঠ শেষে তারা বাড়ি নিয়ে যাবে তা। আগামীকাল ১৭ মার্চ মঙ্গলবার সকাল ১১টায় সারাদেশের ৬৫ হাজার ৬২০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একযোগে এ চিঠি পাঠ করা হবে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.১)।

৪। করোনা প্রতিরোধে সার্ক শীর্ষ নেতাদের ভিডিও কনফারেন্স
যৌথ তহবিল গঠনসহ একযোগে কাজ করবে দক্ষিণ এশিয়ার দেশগুলো
স্বাস্থ্যঝুঁকি মোকাবিলায় পৃথক সংস্থা স্থাপনের প্রস্তাব বাংলাদেশের প্রধানমন্ত্রীর

করোনাভাইরাসের (কভিড-১৯) সংক্রমণ মোকাবিলায় যৌথ তহবিল গঠনসহ ঐক্যবদ্ধভাবে কাজ করতে সম্মত হয়েছেন দক্ষিণ এশিয়ার আটটি দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানরা। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বানে সাড়া দিয়ে গতকাল (১৫ মার্চ রোববার) অনুষ্ঠিত 'সার্ক ভিডিও কনফারেন্সে' এ বিষয়ে একমত হন তাঁরা। ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সার্কভুক্ত দেশগুলোকে এক হয়ে এ মহামারি মোকাবিলা করতে হবে। করোনাসহ ভবিষ্যতে যে কোনো স্বাস্থ্যঝুঁকি মোকাবিলায় সার্ক দেশগুলোর জন্য একটি ইনস্টিটিউট স্থাপনের প্রস্তাবও দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি করোনা মোকাবিলায় বাংলাদেশের নেওয়া পদক্ষেপও বিস্তারিতভাবে তুলে ধরেন।ভিডিও কনফারেন্সে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভীত না হয়ে এ দুর্যোগ মোকাবিলায় প্রস্তুত থাকার আহ্বান জানান। একইসঙ্গে করোনা মোকাবিলায় যৌথ তহবিল গঠনের প্রস্তাব দিয়ে এ তহবিলে ভারতের পক্ষ থেকে এক কোটি ডলার দেওয়ার ঘোষণা দেন। ভিডিও কনফারেন্সে আরও বক্তব্য দেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপাকসে, আফগানিস্তানের প্রেসিডেন্ট আশরাফ গনি, মালদ্বীপের প্রেসিডেন্ট ইব্রাহিম মোহাম্মদ সলিহ, নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি, ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের পক্ষে তাঁর স্বাস্থ্যবিষয়ক উপদেষ্টা ডা. জাফর মির্জা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৫। স্পিকারের সঙ্গে থাইল্যান্ডের রাষ্ট্রদূতের সাক্ষাৎ : বাণিজ্য সম্প্রসারণে সহায়তার আশ্বাস

দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়ায় বাংলাদেশের বাণিজ্য সম্প্রসারণে থাইল্যান্ড সহযোগিতা করবে। গতকাল (১৫ মার্চ রোববার) বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত অরুনরাং ফতুং হামফ্রেইস স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎকালে এ কথা জানান। সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশ ও থাইল্যান্ডের মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্যিক সম্পর্ক, নারীর ক্ষমতায়ন, দু'দেশের পারস্পরিক পর্যটন সম্ভাবনা, উভয় দেশের সংসদ সদস্যদের পারস্পরিক সফরের মাধ্যমে অভিজ্ঞতা অর্জন এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন নিয়ে আলোচনা করেন। স্পিকার বলেন, থাইল্যান্ডের সঙ্গে বাংলাদেশের বন্ধুত্বের সম্পর্ক দীর্ঘদিনের। বাংলাদেশ স্বাধীনতা লাভের পর থেকেই থাইল্যান্ড এ দেশকে সহযোগিতা করে আসছে। দীর্ঘ পথপরিক্রমায় এ সম্পর্ক আজ অত্যন্ত সুদৃঢ়। ভবিষ্যতে এ সম্পর্ক আরও জোরদার হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.২)।

৬। করোনাভাইরাসের কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের বিষয়ে চিন্তা করছে সরকার : সংবাদসম্মেলনে সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, করোনাভাইরাসে আক্রান্ত দেশ থেকে বাংলাদেশে প্রবেশে সরকার থেকে নিরুৎসাহিত করা হচ্ছে। এ ক্ষেত্রে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে—যাতে বিমানের মাধ্যমে আসা বন্ধ করা যায়। এছাড়া শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের বিষয়ে চিন্তা-ভাবনা করছে সরকার। গতকাল (১৫ মার্চ রোববার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে দলের সম্পাদকমণ্ডলীর বৈঠক শেষে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি আরো বলেন, একমাত্র চীনই করোনা ভাইরাস নিয়ন্ত্রণ করতে পেরেছে। তারা কীভাবে কন্ট্রোল করতে পারছে, সে বিষয় শেয়ার করার জন্য আমাদের কাছে তাদের একটা চিঠি এসেছে। তারা প্রয়োজনীয় সহযোগিতা করতে প্রস্তুত আছে। সেতুমন্ত্রী বলেন, করোনাভাইরাস মোকাবিলায় আমরা এখন প্রস্তুত। দলও প্রস্তুত। দেশবাসীকে সতর্ক করে লিফলেট বিতরণ করা হচ্ছে। আমাদের এখানে এখনো সংক্রমিত হওয়ার উদাহরণ নেই। যারা সংক্রমিত তারা বিদেশ থেকে এসেছে। বাকি যারা আসছে তাদের কোয়ারেন্টাইনের ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

৭। সাংবাদিক আরিফকে গ্রেফতার ও শাস্তি প্রক্রিয়া বিধিসম্মত হয়নি : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, কুড়িগ্রামে বাংলা ট্রিবিউন প্রতিনিধি আরিফুল ইসলামকে গ্রেফতার ও শাস্তি প্রদান প্রক্রিয়া বিধিসম্মত হয়নি। গতকাল (১৫ মার্চ রোববার) ঢাকার আগারগাঁওয়ে জাতীয় বেতার ভবনে বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন শেষে সাংবাদিকদের এ বিষয়ে প্রশ্নের জবাবে তিনি বলেন, আমি ব্যক্তিগতভাবে মনে করি, এটি বিধিসম্মত হয়নি। তিনি আরো বলেন, প্রবল উৎসাহ-উদ্দীপনা থাকলেও করোনাভাইরাসের কারণে জাতির পিতার জন্মশতবার্ষিকীর জনসমাগমপূর্ণ সব অনুষ্ঠান পুনর্বিন্যাস করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৭), **যুগান্তর** (পৃ.৩,ক.৪)।

৮। জ্বর নিয়ে যানবাহনে চলাচল না করার আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর

নভেল করোনাভাইরাসের সংক্রমণ রোধে সর্দি-কাশি-জ্বর নিয়ে যানবাহনে চলাচল না করার আহ্বান জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। পাশাপাশি যাত্রীদের জন্য ব্যবহৃত পাবলিক পরিবহণগুলোতে হ্যান্ড স্যানিটাইজার রাখা এবং পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে রেলপথ এবং সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের প্রতি অনুরোধ জানিয়েছেন তিনি। গতকাল (১৫ মার্চ রোববার) সচিবালয়ে ১৮টি মন্ত্রণালয় ও বিভাগের সচিবসহ ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে জরুরি বৈঠক শেষে স্বাস্থ্যমন্ত্রী সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**বণিকবার্তা** (শেষ পৃ.,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৯। করোনা আক্রান্ত দেশ থেকে যিনি আসবেন তাকে অবশ্যই কোয়ারেন্টাইনে থাকতে হবে : পররাষ্ট্রমন্ত্রী

করোনাভাইরাসে বিপর্যস্ত ইতালি থেকে ফিরে আসার পর কোয়ারেন্টাইনে থাকার ব্যাপারে আপত্তি জানানো প্রবাসীদের কঠোর সমালোচনা করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (১৫ মার্চ রোববার) রাজধানীর ইস্কাটনে বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) আয়োজিত 'বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী: একটি পর্যালোচনা' শীর্ষক আলোচনা অনুষ্ঠানে তিনি বলেন, যেসব দেশে করোনাভাইরাস অস্বাভাবিক মাত্রায় ছড়িয়েছে, সেসব দেশ থেকে যিনি আসবেন, তাকে অবশ্যই কোয়ারেন্টাইনে যেতে হবে, এটাই সরকারি সিদ্ধান্ত। জনস্বাস্থ্যের বৃহত্তর স্বার্থে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে তাদের কোয়ারেন্টাইনে রাখা হয়, যেখানে আগেও ৩১২ জনকে রাখা হয়েছিল। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৬)।

১০। করোনাভাইরাসের কারণে স্কুল-কলেজ বন্ধ করার মতো কোনো পরিস্থিতি এখনো তৈরি হয়নি : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, যদি কখনো এমন অবস্থা দেখা যায় যে স্থানীয় পর্যায়ে করোনাভাইরাসের সংক্রমণ ছড়িয়ে যাচ্ছে সে ক্ষেত্রে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের পদক্ষেপ নেওয়া যেতে পারে। কিন্তু এখন পর্যন্ত স্কুল-কলেজ বন্ধ করার মতো কোনো পরিস্থিতি তৈরি হয়নি। গতকাল (১৫ মার্চ রোববার) রাজধানীর ভাসানী স্টেডিয়ামে জাতীয় স্কুল হকি প্রতিযোগিতার উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **আমাদেরঅর্থনীতি** (পৃ.২,ক.৭), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৪)।

১১। করোনাভাইরাসের কারণে ইউরোপ থেকে বাংলাদেশিদের ফেরা বন্ধে মিশনগুলোয় নির্দেশনা

করোনাভাইরাসের কারণে ইউরোপের যুক্তরাজ্য ছাড়া বাকি দেশগুলোয় থাকা বাংলাদেশিদের দেশে না আসতে যে পরামর্শ দেয়া হয়েছিল, তা কার্যকর করার জন্য মিশনগুলোকে নির্দেশ দিয়েছে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। গতকাল (১৫ মার্চ রোববার) নভেল করোনাভাইরাস নিয়ে মন্ত্রণালয়ের এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৭)।

১২। ইতালি থেকে দেশে ফিরেছেন আরও ১৫২ জন
হোম কোয়ারেন্টাইনে বিদেশফেরত ২৩১৪ : আইইডিসিআর

প্রাণঘাতী করোনাভাইরাস প্রাদুর্ভাবের মধ্যে বিদেশ থেকে ফেরা দুই হাজার ৩১৪ জন দেশের বিভিন্ন এলাকায় 'হোম কোয়ারেন্টাইনে' আছেন বলে জানিয়েছেন জাতীয় রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)। গতকাল (১৫ মার্চ রোববার) আরও ১৫২ প্রবাসী বাংলাদেশি ইতালি থেকে দেশে ফিরেছেন। এর আগে গত ১৪ মার্চ শনিবার তিন দফায় ২৩১ জন ইতালি থেকে ফেরেন। তাদের পরীক্ষা-নিরীক্ষা শেষে হোম কোয়ারেন্টাইনে থাকার নির্দেশনা দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **বণিক বার্তা** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

১৩। কৃষি উৎপাদনে দেশ এখন বিশ্বের উদাহরণ : কৃষক হত্যা দিবসে কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, বর্তমান সরকার কৃষি উন্নয়নে নানা ধরনের কৃষিবান্ধব নীতি ও বাস্তবমুখী পদক্ষেপ নিচ্ছে, বাস্তবায়নও করছে। বীজ, কৃষি যন্ত্রপাতিসহ সব কৃষি উপকরণের দাম কমানোর মাধ্যমে কৃষকের ফসলের ন্যায্যমূল্য প্রাপ্তির জন্য একের পর এক যুগান্তকারী পদক্ষেপ নিচ্ছে। ফলে কৃষি উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বের উদাহরণ হয়ে দাঁড়িয়েছে। গতকাল (১৫ মার্চ রোববার) রাজধানীর এভিনিউয়ে ঢাকা মহানগর আওয়ামী লীগ কার্যালয়ে কৃষক হত্যা দিবস উপলক্ষে কৃষক লীগ আয়োজিত আলোচনাসভায় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৪)।

১৪। আইনশৃঙ্খলা বাহিনী সাগর-রুনি হত্যা রহস্য উদঘাটনে সচেষ্ট : সচিবালয়ে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, আইনশৃঙ্খলা বাহিনী সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যা মামলার রহস্য উদ্‌ঘাটনে সচেষ্ট রয়েছে। যেহেতু ডিএনএ মিলতে শুরু করেছে এবং সবাই যাতে বিশ্বাসযোগ্য মনে করে, সেভাবেই কাজ চলছে। সাগর-রুনি হত্যার দ্রুত বিচার দাবিতে গতকাল (১৫ মার্চ রোববার) সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর কার্যালয়ে তার কাছেই ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) নেতারা স্মারকলিপি দিতে গেলে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ,ক.২)।

১৫। শহরাঞ্চলে স্বাস্থ্যসেবার মান বাড়াতে কার্যকর উদ্যোগ নেয়া হবে : স্থানীয় সরকার মন্ত্রী

দেশের শহরাঞ্চলের প্রাথমিক স্বাস্থ্য সেবার মান বাড়াতে কার্যকর উদ্যোগ নেয়া হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। গতকাল (১৫ মার্চ রোববার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা জানান। তিনি বলেন, শহরাঞ্চলের প্রাথমিক স্বাস্থ্যসেবা একটু পিছিয়ে রয়েছে। শহর এলাকায় জনসংখ্যার ক্রমবর্ধমান চাপে আমাদের স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর স্বাস্থ্য, শিক্ষা, পানি ও পয়ঃনিস্কাশনসহ নানা সেবামূলক কাজের জন্য আরও বেশি চ্যালেঞ্জের সম্মুখীন হতে হচ্ছে। তিনি বলেন, আগামী ১০ বছরের মধ্যে দেশের মোট জনসংখ্যার অর্ধেক শহরে বাস করবে। এ চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের সবাইকে যথাযথ প্রস্তুতি গ্রহণ করতে হবে। একইসঙ্গে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে আরও শক্তিশালী ভূমিকা নিতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

১৬। কারখানা সচল রাখতে কাঁচামালের বিকল্প মজুদ গড়া হবে : শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী নূরুল মজিদ হুমায়ূন বলেছেন, শুধু চীনে নয়, সারাবিশ্বে এখন বড় আতঙ্ক মরণঘাতক করোনাভাইরাস। বিশ্ব বাজারেও ফেলেছে ব্যাপক প্রভাব। করোনার কারণে বাংলাদেশের তৈরিপোশাক কারখানাগুলোর কাঁচামাল আমদানি বন্ধ রয়েছে। শিল্প কারখানা সচল রাখতে বিকল্প কাঁচামালের মজুদ গড়ে তোলার বিষয়টি সরকার অধিক গুরুত্ব দিচ্ছে। গতকাল (১৫ মার্চ রোববার) ধামরাইয়ের কালামপুরে বিসিক শিল্প নগরীর উন্নয়ন প্রকল্প উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। উদ্বোধন অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪) **আমাদেরঅর্থনীতি** (পৃ.২,ক.১)।

১৭। '১৬১২১' নম্বরে ফোন করলেই প্রতিকার পাবেন ভোক্তা : বাণিজ্যমন্ত্রী

ভোক্তার অধিকার প্রতিষ্ঠায় সংশ্লিষ্ট সকলকে সচেতন হওয়ার আহবান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হয়রানি বা জরিমানা আদায়ের জন্য তৈরি করা হয়নি। গতকাল (১৫ মার্চ রোববার) সচিবালয়ে বিশ্ব ভোক্তা অধিকার দিবস-২০২০ উপলক্ষে আয়োজিত এক আলোচনাসভা ও হটলাইন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, এখন থেকে কোনো ভোক্তা অধিকার বঞ্চিত হলে হটলাইন '১৬১২১' নম্বরে ফোন করলেই প্রতিকার পাওয়া যাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪)।

১৮। মুজিববর্ষ উপলক্ষে 'জলবায়ু বাস' উদ্বোধন

মুজিববর্ষ উপলক্ষে দেশের স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জলবায়ু পরিবর্তন সম্পর্কে সচেতন করার লক্ষে গতকাল (১৫ মার্চ রোববার) ঢাকায় জলবায়ু বাসের উদ্বোধন করা হয়। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মোঃ শাহাব উদ্দিন এ বাসের উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে জলবায়ু পরিবর্তন সম্পর্কে সচেতনতা কর্মসূচি হিসাবে এ জলবায়ু বাসের উদ্বোধন করা হয়। সারাদেশের প্রত্যেক জেলা উপজেলায় এ বাস যাবে এবং ছাত্র-ছাত্রীদের জলবায়ু পরিবর্তন কিভাবে হচ্ছে, কিভাবে দেশের পরিবেশ রক্ষা করা যায় সে সম্পর্কে সচেতন করা হবে। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

১৯। নদীতে আবর্জনা ফেলা যাবে না : নৌ পরিবহণ প্রতিমন্ত্রী

নদীতে কোনোভাবেই ময়লা আবর্জনা ফেলা যাবে না উল্লেখ করে নৌ পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, নদীর তীর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। নদীতে যেন পানির প্রবাহ থাকে সে বিষয়ে সবাইকে সচেষ্ট থাকতে হবে। নদী তীরের অবৈধ স্থাপনা উচ্ছেদকৃত জায়গা বিআইডব্লিউটি'র দখলে আছে। এখন নদীতে ময়লা-আবর্জনা ফেলা নিয়ন্ত্রণ করতে হবে। ময়লা-আবর্জনার কারণে নদীগুলোর প্রবাহ বন্ধ বা ভাগাড় হলে বসবাসের অনুপযোগী হয়ে পড়বে। নদীর পানি দূষণরোধে বিআইডব্লিউটিএ ঢাকায় বুড়িগঙ্গা নদীর তীরে ময়লা পানি পরিষ্কারের জন্য (দূষিত পানি ফিল্টারিং করা) পাইলট প্রকল্প গ্রহণ করেছে। পর্যায়ক্রমে এর কার্যক্রম আরও বাড়ানো হবে। নদীর পানি দূষণরোধ ও দখলমুক্ত করতে প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সবাইকে একসঙ্গে এবং এক ছাতার নিচে কাজ করার আহবান জানান তিনি। গতকাল (১৫ মার্চ রোববার) নৌ-মন্ত্রণালয়ের সভাকক্ষে নদীর পানি দূষণরোধ সংক্রান্ত এক বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৭)।

২০। কুড়িগ্রামের ডিসিকে প্রত্যাহার করা হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মধ্যরাতে বাড়ি থেকে তুলে নিয়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে কুড়িগ্রামের স্থানীয় সাংবাদিক আরিফুল ইসলামকে কারাদণ্ড দেয়ার ঘটনায় জেলা প্রশাসক (ডিসি) মোছা. সুলতানা পারভীনকে প্রত্যাহার করা হচ্ছে। একইসঙ্গে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাও নেয়া হবে বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। গতকাল (১৫ মার্চ রোববার) সচিবালয়ে তার কার্যালয়ে গণমাধ্যমকর্মীদের তিনি এসব কথা জানান। সূত্র-**বণিকবার্তা** (শেষ পৃ.,ক.১), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

২১। সাসেক সড়ক সংযোগ প্রকল্পে এডিবির সঙ্গে ৪০ কোটি ডলার ঋণচুক্তি

সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২ এলেঙ্গা-হাটিকুমরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ শীর্ষক প্রকল্পে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) সঙ্গে আরো ৪০ কোটি ডলার ঋণচুক্তি করেছে সরকার। গতকাল (১৫ মার্চ রোববার) শেরেবাংলানগরে ইআরডি এনইসি সম্মেলনকক্ষে এ লক্ষে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এডিবির কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব ফাতিমা ইয়াসমিন চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, যায়যায়দিন :** গত একদিনেই সড়ক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ১৫ জন উল্লেখ করে এ অবস্থা নিরসনে নিরাপদ সড়ক আইন, ২০১৮ বাস্তবায়নে উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল** : পাবনার চাটমোহরের কাটাখালী গ্রামের এক গৃহবধূ প্রতিবন্ধী শিশু জন্মদানের কারণে ঠাঁই হয়নি শ্বশুরালয়ে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে প্রতিবন্ধীদের অধিকার রক্ষায় নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ** : মৌলভীবাজারের লাউয়াছড়া উদ্যানকে ইকোট্যুরিজমের সিদ্ধান্ত নেয়া হয়েছে উল্লেখ করে এতে উদ্ভিদ ও প্রাণীর মারাত্মক ক্ষতি হতে পারে আশঙ্কায় এব্যাপারে বিবেচনার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরে জনবল সংকট রয়েছে উল্লেখ করে ভোক্তা অধিকার ও স্বার্থরক্ষায় প্রয়োজনীয় জনবল নিয়োগ এবং বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি গ্রহণের মধ্য দিয়ে নিয়মিত বাজার তদারকির আহ্বান।

ঙ. **যায়যায়দিন :** দেশে প্রাণঘাতী করোনাভাইরাসে আরও আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে উল্লেখ করে সম্মিলিত প্রচেষ্টায় এ ভাইরাস প্রতিরোধে আমরা সক্ষম হব বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ইন্ডিপেনডেন্ট** : প্রধানমন্ত্রীর জিরো টলারেন্স নীতির কারণে নদী দখলদারদের কাউকে ছাড়া হবে না বলে নৌপরিবহণ প্রতিমন্ত্রী যে অভিমত ব্যক্ত করেছেন তার যথাযথভাবে প্রয়োগের সুপারিশ।

ছ. **ডেইলি সান** : বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য সরকারের ভূমি অধিগ্রহণ কার্যক্রমে ক্ষতিগ্রস্ত ভূমি মালিকদের ক্ষতিপূরণ খুব দ্রুত পরিশোধের ব্যবস্থা করার আহ্বান।

জ. **অবজারভার :** ৫৫ কিলোমিটার দীর্ঘ দেশের প্রথম এক্সপ্রেসওয়ে ঢাকা-মাওয়া-ভাঙ্গা মহাসড়ক রাজধানীর সাথে দেশের দক্ষিণাঞ্চলের দ্রুত সড়ক যোগাযোগের সাথে উন্নয়ন আরও ত্বরান্বিত হওয়ার প্রত্যাশা।

উপসম্পদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মুজিববর্ষে আমরা বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলব- এ হোক আমাদের অঙ্গীকার।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'শিক্ষাক্ষেত্রে সাফল্য সূচক'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বর্তমান শিক্ষাব্যবস্থাকে যুগোপযোগী ও টেকসই করা, আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে এটি গ্রহণযোগ্য করার লক্ষে প্রয়োজনীয় পরিবর্তন অপরিহার্য।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা